

■■ কিতাবুল মোকাদ্দস, ইঞ্জিল শরীফ ও ঈসায়ী ধর্ম

বিভাগ/অধ্যায়ঃ ২. 'কিতাবুল মোকাদ্দস' বনাম 'তওরাত-যাবূর-ইঞ্জিল' কিতাব রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ৭. ৩. ইঞ্জিলের মধ্যে ইচ্ছাকৃত বিকৃতি

প্রেরিত ৩/১৩ কিং জেমস ভার্শনে নিম্নরূপ: (The God of Abraham, and of Isaac, and of Jacob, the God of our fathers, hath glorified his Son Jesus...) অব্রাহামের, ইসহাকের ও যাকোবের ঈশ্বর, আমাদের পিতৃপুরুষদের ঈশ্বর আপনার (নিজের) পুত্র যীশুকে গৌরবান্বিত করিয়াছেন..."

কিন্তু রিভাইযড স্টান্ডার্ড ভার্শনে কথাটি নিম্নর্রপ: (.... hath glorified his servant Jesus...) অব্রাহামের, ইসহাকের ও যাকোবের ঈশ্বর, আমাদের পিতৃপুরুষদের ঈশ্বর আপনার বান্দা (নিজের গোলাম) যীশুকে গৌরবান্বিত করিয়াছেন..."

অর্থাৎ ঈসা মাসীহ আল্লাহর বান্দা ছিলেন এ কথাটি গোপন করতে 'বান্দা' শব্দটি 'পুত্র' বানানো হয়েছিল। একইরূপ জালিয়াতি দেখুন প্রেরিত ৪/২৭। সেখানেও (thy holy servant Jesus: RSV) "তোমার পবিত্র দাস যীশু" কথাটি বিকৃত করে (thy holy child Jesus: KJV) "তোমার পবিত্র পুত্র যীশু" বানানো হয়েছিল।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11150

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন